

প্রজ্ঞাপন

জুলাই ২৭, ২০১০

নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০১-২৫/৫৫/প্রশাসন/------: সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩
(১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন,
পূর্ব প্রকাশের পর, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (উন্নেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত গ্রহণ)
বিধিমালা, ২০০২ এ নিম্নোক্ত সংশোধন করিল, যথাঃ-

উপরিউক্ত বিধিমালায় বিধি ১৩ এর উপ-বিধি (২) এ উল্লিখিত ‘স্টক এক্সচেঞ্জে সর্বোচ্চ বাজার দর’ সম্পর্কে উপ-বিধি (২)
এর পর নিম্নোক্ত ব্যাখ্যা সংযোজিত হইবে, যথাঃ-

“ব্যাখ্যাঃ ‘স্টক এক্সচেঞ্জে সর্বোচ্চ বাজার দর’ বলিতে অত্র বিধিমালা জারির পরবর্তী সময়ে, অর্থাৎ এপ্রিল ১৫, ২০০২ইং
তারিখের পরবর্তী সময়ে বিদ্যমান সর্বোচ্চ বাজার দরকে বুঝাইবে।”।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

মোঃ জিয়াউল হক খোন্দকার
চেয়ারম্যান।